

2016
BENGALI
[HONOURS]
Paper : I

Full Marks : 100

Time : 4 Hours

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

প্রথমার্ধ

- ১। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 8 = 8$
- ক) 'চর্যাপদ' সংকলনে মোট কবির সংখ্যা কত? তাঁদের মধ্যে যে-কোনো দু'জন কবির নাম লেখো।
- খ) ঘনরাম রচিত ধর্মসঙ্গলের প্রকৃত নাম কী? অন্যান্য কী কী নামে এই কাব্যকে অভিহিত করা হয়েছে?
- গ) জয়ানন্দ রচিত 'চৈতন্যমঙ্গল' কাব্যের প্রধান দুটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।
- ঘ) রামমোহন রায় রচিত দুটি গ্রন্থের নাম লেখো।
- ঙ) ঈশ্বর গুপ্ত রচিত দুটি গ্রন্থের নাম উল্লেখ করো।
- চ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির কয়টি খণ্ড?
- ছ) শরৎচন্দ্রের লেখা একটি রাজনৈতিক উপন্যাসের নাম ও তার প্রকাশকাল উল্লেখ করো।

- ২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $6 \times 3 = 18$
- ক) কেতকাদাস ক্ষেমানন্দের মনসামঙ্গল কাব্যটির বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো। ৬
- খ) রামেশ্বর ভট্টাচার্যের শিবায়ন কাব্য-বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৬
- গ) বাংলা মহাকাব্যের ধারায় রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৬
- ঘ) প্রহসন রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্বের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৬
- ঙ) প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৬
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $12 \times 2 = 24$
- ক) 'রাজসভার কবি রায়গুণাকরের অন্নদামঙ্গল গান, রাজকণ্ঠের মণিমালার মতো, যেমন তাহার উজ্জ্বলতা, তেমনি তাহার কারুকার্য।' —রবীন্দ্রনাথের এই মন্তব্য অবলম্বনে রায়গুণাকর ভারতচন্দ্রের কবিকৃতির পরিমাপ করো। ১২
- খ) বাংলা মহাকাব্য রচনায় হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের অবদান সম্পর্কে তোমার ভাবনা লিপিবদ্ধ করো। ১২
- গ) বাংলা নাটকের বিকাশে গিরিশচন্দ্র ঘোষের ভূমিকার মূল্যায়ন করো। ১২
- ঘ) প্রকৃতিপ্রেমিক ঔপন্যাসিক হিসাবে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের প্রতিভা মূল্যায়ন করো। ১২

দ্বিতীয়ার্ধ

- ৪। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 8 = 8$
- ক) 'দল' বলতে কী বোঝায়? দল কয়প্রকার ও কী কী?
- খ) পঙ্ক্তি ও চরণের মধ্যে পার্থক্য কী?
- গ) পর্বের প্রকারভেদ কয়প্রকার ও কী কী?
- ঘ) মাত্রাবৃত্ত ছন্দের আরও দুটি নামভেদ উল্লেখ করো।
- ঙ) অপহুতি অলংকারের দুটি উদাহরণ দাও।
- চ) 'কাকু বক্রোক্তি' বলতে কী বোঝায়?
- ছ) 'ব্যাজ' শব্দটির অর্থ কী? ব্যাজস্তুতি অলংকারের একটি উদাহরণ দাও।
- জ) "দূরে বালুচরে কাঁপে থর থরে রৌদ্র-ঝিল্লিপাখা" — এটি কোন্ অলংকারের নিদর্শন?
- ৫। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $3 \times 3 = 9$
- ক) উদাহরণসহ 'ছেদ' ও 'যতি'র পার্থক্য নিরূপণ করো।
৬
- খ) 'স্বাসাঘাত' বলতে কী বোঝায় সংক্ষেপে ব্যাখ্যা করো।
৬
- গ) অক্ষরবৃত্ত বা মিশ্রকলাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
৬
- ঘ) যমক অলংকারের সংজ্ঞা নির্দেশ করে এই অলংকারের প্রকারভেদ উল্লেখ করে উদাহরণসহ ব্যাখ্যা করো।
৬
- ঙ) সমাসোক্তি অলংকারের সংজ্ঞাসহ উদাহরণ দাও।
৬
- চ) বিরোধভাস অলংকারের সংজ্ঞা নির্দেশ করে উদাহরণসহ ব্যাখ্যা করো।
৬

- ৬। যে-কোনো দুটি কবিতাংশের ছন্দোলিপি প্রস্তুত করো (পর্বের মাত্রা, লয়, ছন্দোরাতি উল্লেখসহ): $6 \times 2 = 12$
- ক) তোমার সৃষ্টির পথ রেখেছ আকীর্ণ করি
বিচিত্র ছলনা জালে হে ছলনাময়ী
মিথ্যা বিশ্বাসের ফাঁদ পেতেছ নিপুণ হাতে সরল জীবনে
- খ) মেরুদণ্ডের কাছে ঈঙ্গিত খাড়া ইম্পাত
বোম্বটেদের টুঁটি যেন পায় জিঘাংসু হাত
বীর্যবানের বিজয়ের পথে খোলা সব লোক
দিকে দিকে শ্যেণ দৃষ্টিকে, দেখ, মেলে সাধু বক
- গ) কে মেরেছে কে ধরেছে কে দিয়েছে গাল।
তাইতো খুকু রাগ করেছে ভাত খায়নি কাল।
- ঘ) ঝর্ণা! ঝর্ণা! সুন্দরী ঝর্ণা!
তরলিত চন্দ্রিকা! চন্দন-ঝর্ণা!
অঞ্চল সিঞ্চিত গৈরিক স্বর্ণে
গিরি-মল্লিকা দোলে কুন্তলে কর্ণে
- ৭। বৈশিষ্ট্যসহ যে-কোনো দুটি অলংকার নির্দেশ করো:
 $6 \times 2 = 12$
- ক) লঙ্কার পঙ্কজ রবি গেলা অস্তাচলে।
- খ) চেতনার নাটমঞ্চে নিদ্রা যবে ফেলে যবনিকা।
অচেতন নেপথ্যের অভিনয় কর আয়োজন।
- গ) সাগরে যে অগ্নি থাকে কল্পনা সে নয়।
তোমায় দেখে অবিশ্বাসীর হয়েছে প্রত্যয়।
- ঘ) শীতের ওঢ়নী পিয়া গিরীষের বা।
বরিষার ছত্র পিয়া দরিয়ার না।